যুগান্তর

তারিখ: 16 DEC 2017
পৃষ্ঠা: ২০ কলাম: ২

### কোচিংয়ের প্রশ্নে স্কুলের পরীক্ষা

# বাগেরহাটে শিক্ষক চাকরিচ্যুত : মামলা

**বাগেরহাট প্রতিনিধি**

বাগেরহাট সরকারি উচ্চবিদ্যালয়ে কোচিং সেন্টারের প্রশ্নপত্রে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ঘটনায় জড়িত আইসিটি বিষয়ের খণ্ডকালীন শিক্ষক শেখ বেল্লাল হোসেনকে চাকরিচ্যুত করেছে স্কুল কর্তৃপক্ষ। সেই সঙ্গে স্কুল কর্তৃপক্ষ চাকরিচ্যুত শিক্ষক বেল্লাল হোসেনের বিরুদ্ধে বাগেরহাট মডেল থানায় মামলা করেছেন। বৃহস্পতিবার গভীর রাতে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. আবদুল মতিন হাওলাদার বাদী হয়ে মামলাটি করেন। তবে পুলিশ ওই শিক্ষককে এখনও গ্রেফতার করতে পারেনি। বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. আবদুল মতিন হাওলাদার বলেন, শিক্ষক বেল্লাল হোসেনের বিরুদ্ধে অভিযোগ উঠলে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি ঘটনার সত্যতা পেয়ে স্কুলের সুনাম অক্ষুণ্ণ রাখতে তাকে চাকরিচ্যুতির সুপারিশ করে। নিয়োগ বিধি মেনে তাকে চাকরিচ্যুত করা হয়েছে। উল্লেখ্য, ৯ ডিসেম্বর সরকারি উচ্চ বিদ্যালয়ে তৃতীয় শ্রেণীর অনুষ্ঠিত বার্ষিক পরীক্ষায় খণ্ডকালীন শিক্ষক বেল্লাল হোসেন পরিচালিত তার কোচিং সেন্টারের মডেল টেস্টের প্রশ্নপত্রে পরীক্ষা হয় বলে অভিযোগ ওঠে। এ ঘটনায় শহরে তোলপাড় সৃষ্টি হলে ঘটনা তদন্তে বিদ্যালয় কর্তৃপক্ষ সহকারী প্রধান শিক্ষক আমজাদ হোসেনকে প্রধান করে পাঁচ সদস্যে একটি তদন্ত কমিটি গঠন করে। তদন্ত কমিটি প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় শিক্ষক বেল্লাল হোসেনের জড়িত থাকার প্রমাণ পেয়ে তাকে চাকরিচ্যুতির সুপারিশ করে তদন্ত প্রতিবেদন জমা দেয়। ১৪ ডিসেম্বর তদন্ত কমিটির প্রতিবেদন বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি বাগেরহাটের জেলা প্রশাসক তপন কুমার বিশ্বাসের কাছে জমা দেয়া হয়। তিনি নিয়ম মেনে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্দেশ দেন।